

ইদানিং প্রচুর php ডেভলপার তাদের ডেভলপমেন্ট এর জন্য লিনাক্স ব্যবহার করতে চাইছেন। আজকের টিউটোরিয়ালটি নিঃসন্দেহে তাদের কাজে আসবে। আমার মতে Debian GNU/Linux ([www.debian.org](http://www.debian.org)) সবচেয়ে ভাল, কিন্তু ইদানিং Ubuntu ([www.ubuntulinux.org](http://www.ubuntulinux.org)) -এর জনপ্রিয়তা বাড়ছে। এ টিউটোরিয়ালে আমি Debian ও Ubuntu - এর কমান্ড ব্যবহার করেছি। তাহলে শুরু করা যাক :

প্রথমে আমরা তালিকা তৈরি করি, একজন php ডেভলপারের যেসব software দরকার।

- ক. Apache
- খ. PHP
- গ. Mysql
- ঘ. PHP IDE

Apache দিয়ে শুরু করছি। Debian ও Ubuntu উভয়ই APT ব্যবহার করে তাদের প্যাকেজসমূহ ম্যানেজ করার জন্য। আমরা খুব সহজেই APT ব্যবহার করে Apache ইনস্টল করতে পারি।

Debian ব্যবহারকারী :

```
Su
```

Ubuntu ব্যবহারকারী :

```
Sudo su
```

বাকী কমান্ডগুলো Debian ও Ubuntu এর জনই একই:

```
apt-get install apache2
```

উপরোক্ত কমান্ডটি প্রয়োগ করা হলে Apache এবং Apache এর সকল প্রয়োজনীয় প্যাকেজ (সফটওয়্যার) ইনস্টল হবে। আপনার যদি mod\_rewrite এন্যাবল করার প্রয়োজন হয়, তাহলে ভিজিট করুন <http://tinyurl.com/2qx54y> (বাংলা সংস্করণ আসছে ...)

এবার php ইনস্টল :

```
Apt-get install php5 libapache2-mod-php5
```

এটা php5 ইনস্টল করবে এবং Apache2 server কে php এর জন্য কনফিগার করবে। আমাদের কোন কিছু করার দরকার নাই।

এবার server টেস্ট করার পালা, আসুন দেখি এটা কাজ করছে কি না?

```
Touch /var/www/info.php
```

```
Chown www-data:www-data info.php
```

এখন আপনাদের প্রিয় এডিটর দিয়ে info.php এডিট করতে হবে এবং কোড লিখতে হবে যাতে phpinfo(): আমরা browse করলে browser ডিসপ্লে দেখতে পারি http://localhost/info.php এড্রেস থেকে। ডিসপ্লে থেকে আমাদের লক্ষ্য রাখতে হবে সকল লাইব্রেরি ইনস্টল করা হয়েছে। যদি আমাদের অন্য কোন লাইব্রেরি - এর প্রয়োজন হয়, তাহলে debian/ubuntu প্যাকেজ তালিকা থেকে আমাদের নিশ্চিত হতে হবে সেটা আমাদের লিস্টে আছে কি না।

```
apt-cache search php5-
```

এবার আপনি গ্রহণযোগ্য php5 library এর তালিকা পাবেন। নিচের কমান্ডটি প্রয়োগ করে ইনস্টল করতে পারেন।

```
apt-get install php5-gd
```

( উদাহরণ : আপনি যদি php5 GD library টি ইনস্টল করতে চান )

মনে রাখতে হবে, প্রতিবার অতিরিক্ত প্যাকেজ ইনস্টল করার পর, আমাদের অবশ্যই apache server রিস্টার্ট করতে হবে।

```
/etc/init.d/apache2 restart
```

আমরা apache2 এবং php5 সিস্টেমে ইনস্টল করেছি। এবার mysql ইনস্টল করার পালা।

```
apt-get install mysql-server-5.0 php5-mysql
```

উপরোক্ত কমান্ডটি আমাদের mysql-server চালানোর জন্য প্রয়োজনীয় প্যাকেজ ইনস্টল করবে। বরাবরের মতন এবারও apache রিস্টার্ট করতে হবে, যেহেতু আমরা নতুন প্যাকেজ/লাইব্রেরি ইনস্টল করলাম।

এবার আমাদের পুরনো কোডগুলো নতুন environment আনার পালা, যেটা আমাদের টিউটোরিয়ালের মূল উদ্দেশ্য। আমার দৃঢ় বিশ্বাস, অন্য প্রক্রিয়াগুলোর মত এটাও আপনাদের খুব সহজ বোধ্য হবে।

প্রথমে আপনার সকল source কোড কপি করুন /var/www। পুরো প্রক্রিয়াটি নিচে বিস্তারিতভাবে -

```
mkdir /windows
```

এখানে আমরা একটি ফোল্ডার তৈরি করবো C ড্রাইভে মাউন্ট করার জন্য।

```
mount /dev/hda1 /windows
```

তারপর আমরা C ড্রাইভে মাউন্ট করবো windows folder এর জন্য। (এখানে আমি hda1 ব্যবহার করবো উদাহরণ স্বরূপ, যদি আপনার হার্ড ড্রাইভ sata হয়, তাহলে এটা হবে sata1)

```
cp -r windows/Apache2/htdocs/xyz /var/www
```

এখানে আমরা আমাদের xyz site কপি করেছি /var/www। এখানে উল্লেখ্য যে, Debian ও Ubuntu এর ডিফল্ট apache2 রুট ফোল্ডার হলো /var/www।

```
cd /var/www
```

```
chown -R www-data:www-data xyz
```

এবার আমাদের ownership পরিবর্তন আনতে হবে www-data. আমাদের mysql database মুভ করতে হবে। এটা দু'ভাবে করা যেতে পারে।

১. phpmyadmin ব্যবহার করে।
২. ডাটা ফোল্ডার থেকে শুধু ডাটাবেজটি কপি করে।

আমি দ্বিতীয় পদ্ধতিটি অনুসরণ করছি।

```
cp -r /windows/MySQL/data/xyz /var/lib/mysql
```

```
chown -R mysql:mysql /var/lib/mysql/xyz
```

লিনাক্স - এ ব্যবহার উপযোগী php IDE এর তালিকা :

- ক . Zend (ব্যক্তিগতভাবে আমি ব্যবহার করি)
- খ. PHPEd
- গ. PHPEclipse
- ঘ. quanta plus
- ঙ. emacs
- চ. vi
- ছ. PHPedit